45

দৈনিক সংবাদ

তারিখ 18 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৭

# ইডেন কলেজে ছাত্রদলের দুইগ্রুপের সংঘর্ষ, বোমাবাজি

## ❑ ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাতীয়তাবাদী ছাত্রদলের দু'গ্রুপ ছাত্রীর মধ্যকার সংঘর্ষের ফলে উদ্ভূত পরিস্থিতিতে ইডেন কলেজ কর্তৃপক্ষ গতকাল বুধবার ৫টার মধ্যে ছাত্রীদের হল ত্যাগ করার নির্দেশদিয়েছেন।

হলের ছাত্রীরা জানিয়েছে, ইডেন কলেজ ছাত্রী সংসদের ভিপি ও ছাত্রেদল নেত্রী হেলেন জেরীন খানের সঙ্গে ছাত্রদলের অপর দু'নেত্রী জুবলী ও রোকনের সম্পর্ক অনেকদিন ধরে খুবই শীতল। এ নিয়ে তাদের সমর্থকদের মধ্যে যথেষ্ট উত্তেজনা ছিল। ইডেন কলেজ ক্যাম্পাসে একচ্ছত্র প্রভাব বিস্তারকারী জাতীয়তাবাদী ছাত্রদলের নেত্রীরা কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে 'ছাত্র সংগঠনের কোটা'য় ভর্তি ফরম নিয়ে অবৈধভাবে ছাত্রী ভর্তি করায় বলে অভিযোগ রয়েছে। এই ভর্তি করানোর জন্য প্রাপ্ত টাকার ভাগাভাগি নিয়েও নেত্রীদের মধ্যে দ্বন্দ্ব চলছিল। ছাত্রীরা জানিয়েছে, ভর্তি পরীক্ষার ফরম বিক্রি, হলে সীট বন্টন নিয়ে হেলেন গ্রুপ ও জুবলী রোকন গ্রুপের মধ্যে বিরোধ চলছিল। কিছুদিন আগে ছাত্রদল ইডেন কলেজ শাখার আহ্বায়ক কমিটি গঠন করা হয়। এ কমিটির আহ্বায়ক হচ্ছেন হেলেন জেরীন খান এবং সহ-আহ্বায়ক হচ্ছেন ছাত্রদল নেত্রী জুবলী। এ আহ্বায়ক কমিটি গঠন নিয়ে হেলেন গ্রুপ ও জুবলী-রোকন গ্রুপের মধ্যে তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। গত মঙ্গলবার এর সাথে নতুন মাত্রা যোগ হয় যখন হেলেন এবং জুবলী ও রোকন মানিক মিয়া এভিনিউতে বিএনপি'র সমাবেশে যাওয়ার জন্য কলেজের বাস চায়। দু'গ্রুপই বাস চাওয়ায় কলেজ কর্তৃপক্ষ কাউকে বাস দেননি।

ইডেন কলেজ ছাত্রদল শাখার কর্মীরা মঙ্গলবার বিএনপি'র সমাবেশে যায় আলাদা আলাদাভাবে। যাবার পথে জুবলী রোকন গ্রুপের কর্মীরা হেলেন গ্রুপের এক কর্মীদের মারধর করে। এ নিয়ে তাদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। মানিক মিয়া এভিনিউয়ে বিএনপি'র সমাবেশশেষে কলেজে আসার পথে হেলেনের সাথে তার প্রতিপক্ষ নেত্রী রোকনের কথা কাটাকাটি হয়। ইডেন কলেজের গেটে আসার পর হেলেন সমর্থক ও জুবলী রোকন সমর্থকদের মধ্যে হাতাহাতি ও চুলোচুলি হয়। এ সময় কয়েকটি ককটেল

ইডেন ঃ পৃঃ ৬ কঃ ৬

## ইডেন ঃ দুই গ্রুপে মারামারি

( ১ম পৃষ্ঠার পর )

বিস্ফোরণের শব্দ শোনা যায়। পরে মঙ্গলবার রাতে কলেজের পুরাতন হোস্টেলে কয়েকটি কক্ষ ভাঙচুর করা হয়। রাতে হলে মহিলা পুলিশ মোতায়েন করা হয়।

গতকাল বুধবার সকাল ১১টা থেকেই দু'গ্রুপের মধ্যে মারামারি চলতে থাকে। তাদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া, হাতাহাতি ও চুলোচুলি হয়। এক পর্যায়ে তারা, হকিস্টিক নিয়ে পরস্পরের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয় বলে জানা গেছে। গতকাল সংঘর্ষ চলার সময় এ দু'গ্রুপ ছাত্রীর সমর্থনে নগরীর বিভিন্ন প্রতিষ্ঠান থেকে এসে ছাত্রদলের ছাত্র কর্মীরা কলেজের সামনে অবস্থান নেয়। তারা তাদের স্ব স্ব গ্রুপের ছাত্রীদের কাছে হকিস্টিক, ককটেল, কুড়াল সরবরাহ করে বলে প্রত্যক্ষদর্শীরাজানিয়েছেন।

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি হেলেন জেরীন খানকে এবং ঢাকা মহানগর কমিটি জুবলী-রোকন গ্রুপকে সমর্থন দিচ্ছে বলে জানা গেছে।

সংঘর্ষের খবর জানার পর গতকাল বুধবার দুপুরে বিপুলসংখ্যক পুলিশ কলেজ ক্যাম্পাসে মোতায়েন করা হয়। হলের ভেতর মোতায়েন ছিল মহিলা পুলিশ।

উদ্ভূত পরিস্থিতিতে কলেজ কর্তৃপক্ষ ছাত্রীদের গতকাল বিকেল ৫টার মধ্যে হল ত্যাগ করার নির্দেশ দেয়।